

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নন-টেকনিক্যাল পদ

- ১। চঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে “পি.এ”, ডিএইআরএস অফিসের ১টি স্থায়ী পদ : প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ সর্টহ্যান্ড-এ বাংলায় ৫০ এবং ইংরেজীতে ৮০ শব্দ এবং কম্পিউটার কম্পোজ-এ বাংলায় ৩০টি ও ইংরেজীতে ৪৫টি শব্দ-এর গতি সম্পন্ন এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকতে হবে। গোপনীয়ভাবে অফিসের কাজকর্ম করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।
- ২। চঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে “লাইব্রেরী এসিস্ট্যান্ট কাম ডকুমেন্টেশন এসিস্ট্যান্ট”, কেন্দ্রীয় লাইব্রেরী এর ২টি স্থায়ী পদ : প্রার্থীকে স্নাতক ডিগ্রী এবং কোন অনুমোদিত প্রতিষ্ঠান হতে গ্রন্থাগার বিজ্ঞান/গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমাদারী হতে হবে। কম্পিউটারে MS Word ও MS Excel-এ দক্ষতা থাকতে হবে।
- ৩। চঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে “এম.এল.এস.এস”, ডিএইআরএস অফিসের ১টি স্থায়ী পদ, ইনস্টিটিউট অব এনার্জি এন্ড সাসটেইনএবল ডিভেলপমেন্ট-এর ১টি স্থায়ী পদ, রেজিস্ট্রার অফিসের ২টি স্থায়ী পদ, তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল অনুযায়ী ১টি স্থায়ী পদ, পি.এম.আর.ই. বিভাগের ল্যাবঃ এটেনডেন্ট পদের বিপরীতে এম.এল.এস.এস. এর ১টি স্থায়ী পদ, আইআইসিটি-এর ১টি স্থায়ী পদ, উপাচার্য অফিসের ১টি স্থায়ী পদ, ইউ.আর.পি বিভাগ এর ১টি স্থায়ী পদ, ছাত্রকল্যাণ পরিদপ্তরের অধীন শারীরিক শিক্ষা বিভাগ এর ২টি স্থায়ী পদ, প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদ : প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

বি: দ্র: প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। “অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হয়েছেন এবং ডিগ্রী অর্জন করেছেন তাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হবে না।”

অনলাইনে <https://recruitment.buet.ac.bd/> সাইটের মাধ্যমে প্রতিটি পদের জন্য আলাদা আলাদা আবেদন করতে হবে। আবেদনের সম্পূর্ণ প্রক্রিয়া ও আবেদনের ফি অনলাইনের মাধ্যমে পরিশোধের প্রক্রিয়া সাইটের “Application Guideline” মেনুতে বর্ণনা করা হয়েছে। ক্রমিক নং ১ ও ২ এর প্রতিটি পদের জন্য চঃ ৩০০/- (তিনশত) টাকা এবং ৩ নং ক্রমিক এর পদের জন্য চঃ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে। আবেদনে উল্লেখিত তথ্যে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে আপলোডকৃত সার্টিফিকেট/মার্কশীটের কপি সমূহে মূলকপি যাচাইকালে কোন অসঙ্গতি/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে আবেদনকারীর প্রার্থীতা বাতিলযোগ্য বলে গণ্য হবে। তাছাড়া অসত্য/ভুল তথ্য প্রদানকারী প্রার্থী পরবর্তী পাঁচ বছর বুয়েটের কোন চাকুরীর জন্য আবেদন করলে তা বিবেচিত হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। নির্বাচিত প্রার্থীদের পরীক্ষার স্থান, তারিখ ও সময় ই-মেইল ও এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। আবেদনকারী তার Admit Card সাইট থেকে ডাউনলোড করতে পারবে।

আবেদন সংশ্লিষ্ট কোন তথ্যের প্রয়োজন হলে recruitment@regtr.buet.ac.bd এ ই-মেইল করা যাবে। নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েটের ওয়েবসাইট (www.buet.ac.bd/regoffice)-এ প্রকাশ করা হবে।

অনলাইনে আবেদনপত্র ও ফি জমাদানের শেষ তারিখ : ২১/০৩/২০২৩

Juddin
27/03/2023

(অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন)
রেজিস্ট্রার (অ. দা.)